গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
আইসিটি শাখা

...

সভাপতি	মোঃ মনোয়ার হোসেন উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) ও ইনোভেশন অফিসার
সভার তারিখ	২১/০৩/২০১৯ খ্রি.
সভার সময়	সকাল ৯.৩০ ঘটিকা।
স্থান	উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) এর অফিস কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১। মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম পর্যালোচনাঃ
সভাপতি উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও সদস্য সচিব এর নিকট মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) জনাব মোঃ বদিউল আলম সুফল সভায় জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর লক্ষ্যমাত্রা/নির্ণায়ক অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। তবে, ৫ দিন ব্যাপী প্রশিক্ষণ আয়োজন, নলেজ শেয়ারিং, দেশ/বিদেশে ইনোভেশন কর্মকর্তাদের শিক্ষা সফর এর বিষয়গুলো নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শাখাসমূহের বিশেষ সহযোগিতা প্রয়োজন।

২। মাঠ পর্যায়ের উদ্ভাবনী আইডিয়াসমূহ পর্যালোচনাঃ
উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, এই অর্থবছরে প্রাপ্ত আইডিয়াসমূহের মধ্যে ১টি আইডিয়ার ব্যাপারে বিএফআরআই এর মতামত চাওয়া হয়েছে। পরীক্ষা-নিরীক্ষা শেষে বিএফআরআই জনাব হাদিউজ্জামান, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর এর উদ্ভাবিত সিংগেল ড্রপ টাইট্রেশন পদ্ধতির মাধ্যমে পানির পিএইচ পরিমাপকরণ উদ্ভাবনী পদ্ধতিটি অধিকাংশেই সঠিক এবং সাশ্রয়ী বলে মতামত প্রদান করেছে।

৩। ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পর্যালোচনাঃ
সদস্য সচিব সভায় জানান যে, মৎস্য অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ২.১ মোতাবেক ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে এবং কর্মপরিকল্পনার ২.২.১ অনুচ্ছেদ মোতাবেক ইনোভেশন টিমের বিগত সকল সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন হয়েছে।

৪। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাঃ
উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, বিগত ২৭/০২/২০১৯ খ্রি. তারিখের ইনোভেশন টিমের সভায় ৫ টি সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সকল সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে মর্মে সদস্য সচিব সভাকে অবহিত করেন। ২০১৮-১৯ সালে ক্রমপুঞ্জিভূত বাস্তবায়িত মোট সিদ্ধান্ত হলো ৩৫টি।

৫। উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদানঃ
সদস্য সচিব সভায় জানান যে, বার্ষিক কর্মপরিকল্পনার ৯.১ কার্যক্রম মোতাবেক ৫ জন উদ্ভাবককে প্রশংসাসূচক পত্র/সনদ/ক্রেস্ট/পুরস্কার প্রদান করলে মৎস্য অধিদপ্তর সূচক অনুযায়ী পূর্ণ মার্কস (২) পাবে। উদ্ভাবনের বিশেষত্ব

এবং Impact বিবেচনা করে নিম্নোক্ত ৫ জনকে মহাপরিচালক মহোদয় প্রশংসাসূচক/ধন্যবাদ পত্র দেয়া যেতে পারে।

ক্র.	নাম, পদবি ও কর্মস্থল	উদ্ভাবনের বিষয়	বিশেষত্ব ও Impact
১	জনাব হাদিউজ্জামান, সহকারি পরিচালক, মৎস্য ভবন	সিংগেল ড্রপ টাইট্রেশন পদ্ধতির মাধ্যমে পানির পিএইচ পরিমাপকরণ পদ্ধতি	স্বল্প খরচ ও নির্ভুলভাবে চাষি পানির গুণাগুণ পরীক্ষা করতে পারবে
২	জনাব মোঃ কামরুল ইসলাম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী	মৎস্য বার্তা মোবাইল অ্যাপস	চাষিরা নিয়মিত দরকারী বিষয়ে এসএমএস পাবে।
৩	জনাব মোঃ বদিউল আলম সুফল, উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর	স্বয়ংক্রিয় পদ্ধতিতে মাছের রোগ নির্ণয় ও প্রতিকার	চাষি নির্ভুলভাবে মাছের রোগের নির্ণয় করতে পারবে (এআইএফ এর জন্য মনোনীত)
৪	ড. মুহাম্মদ তানভীর হোসেন চৌধুরী, সিনিয়র সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর	বাংলাদেশের মৎস্য খামার যান্ত্রিকীকরণে স্বল্পব্যয়ী অটোমেটিক ফিশ ফিডার তৈরি	মৎস্য খাদ্য ব্যবস্থা ডিজিটালকরণ (এআইএফ এর জন্য মনোনীত)
৫	জনাব সরোজ কুমার মিস্ত্রী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা।	ক্লাস্টার ফার্মিং সম্প্রসারণের মাধ্যমে মৎস্য সেবা সহজিকরণ	চাষিদের মাঝে সহজেই মৎস্য সম্প্রসারণ সেবা পৌছানো সহজ হবে।

৬। সেবা সহজিকরণ বিষয়ক কেস স্টাডি প্রেরণঃ

সদস্য সচিব জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক চাহিত সেবা সহজিকরণ বিষয়ক কেস স্টাডি যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। সেবা সহজিকরণ কেস স্টাডি প্রস্তুত করে যথাসময়ে প্রেরণ করার জন্য সভাপতি জনাব মোঃ বদিউল আলম সুফল, উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) -কে ধন্যবাদ জানান। এছাড়া উক্ত কেস স্টাডি প্রস্তুতে যুক্ত সকল কর্মকর্তাকেও ধন্যবাদ জানানো হয়।

৭। প্রশিক্ষণ আয়োজন সংক্রান্তঃ

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান, বার্ষিক কর্মপরিকল্পনার ৩.৩ কার্যক্রম অনুযায়ী ২০ জন কর্মকর্তাকে ৫ দিনের প্রশিক্ষণের আয়োজন করলে কর্মসম্পাদন সূচক অনুযায়ী ২ নম্বর প্রাপ্ত হবে। অন্যথায় উক্ত খাতে নম্বর ০ হবে। এমতাবস্থায় দ্রুত প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য সভাপতি মহোদয়কে অবহিত করেন।

৮। বিবিধঃ

ক) ই-ফাইলিং কার্যক্রম বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বার্ষিক কৌশলগত উদ্দেশ্যপত্র অনুযায়ী নম্বরের আওতাভুক্ত হওয়ায় বিষয়টি সর্বোচ্চ গুরুত্বের সাথে বিবেচনা করে মাসিক সমন্বয় সভায় আলোচনা করা যেতে পারে।

খ) মৎস্য অধিদপ্তরের সকল অফিস তার তথ্য বাতায়নে ৮ কলামের সিটিজেওন চার্টার বাধ্যতামূলক আপলোড করতে হবে বলে মন্ত্রণালয় থেকে জানানো হয়। এ বিষয়ে পুণরায় পত্র দেয়া যেতে পারে।

সভার উপস্থিত সদস্যগণ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেন।

সিদ্ধান্তসমূহঃ

১. ৫ দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রশিক্ষণ শাখাকে পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়;

২. উদ্ভাবকগণদের নিয়ে নলেজ শেয়ারিং/ শিক্ষা সফর প্রোগ্রামের আয়োজনের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়;

৩. উদ্ভাবক ও ইনোভেশন টিমের সদস্যগণকে বিদেশ সফর/বৈদেশিক প্রশিক্ষণে প্রেরণের পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়;

৪. উদ্ভাবকগণদের প্রশংসাসূচক পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয় এবং

৫. ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নে ইনোভেশন টিমের সদস্যগণ মাঠ পর্যায়ে ই-ফাইলিং কার্যক্রম পরিদর্শন করার জন্য অনুরোধ করা যেতে পারে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

মোঃ মনোয়ার হোসেন
উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) ও
ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০১.১৭.৪৭

তারিখ: ১৮ চৈত্র ১৪২৫
০১ এপ্রিল ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্ম-সচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
২) ষ্টাফ অফিসার (উপজেলা মৎস্য কর্মকর্তা) , মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩) উপপ্রধান, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর
৪) সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর
৫) সহকারী পরিচালক, বাজেট শাখা, মৎস্য অধিদপ্তর
৬) সহকারী পরিচালক, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর
৭) সহকারী পরিচালক , বাস্তবায়ন শাখা, মৎস্য অধিদপ্তর
৮) প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, সম্প্রসারণ শাখা, মৎস্য অধিদপ্তর
৯) গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর

০১/০৪/১৯

মোঃ বদিউল আলম সুফল
উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও
সদস্য সচিব